Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২৪/৪৯                                                                 ০২মার্চ, ২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে।**
**সূত্র** ঃ বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখঃ ২৯, ফেব্রুয়ারী, ২০২৪

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। দেশে অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের অনুকূলে নতুন নির্দেশনা দিয়ে সূত্রোক্ত সার্কুলার লেটারটি জারী করেছে। ফলে এখন থেকে ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করা হবে যা পূর্বে ছিলো ৩.৭৫% এবং প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করা হবে যা পূর্বে ছিলো ২.৭৫%।

উল্লেখ্য, এ নির্দেশনা জারীর পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে এবং ইতিপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ ৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে মর্মে বর্ণিত সার্কুলারে বলা হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলার লেটার'টি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
সভাপতি

**সংযুক্তিঃ** বর্ণনামতে।



CamScanner

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪
১৬ ফাল্গুন ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. মূল্যস্ফীতি হ্রাসের নিমিত্ত মনিটারি পলিসি কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে নীতি সুদহার বৃদ্ধির প্রভাব SMART এর উপর ইতোমধ্যে প্রতিফলিত হয়েছে। এ প্রেক্ষিতে, ঋণের সুদহার মনিটারি পলিসির সাথে সামঞ্জস্যপূর্ণ করা এবং অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:

ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং

খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।

৩. এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-২(ক) ও ২(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।

৪. এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬. এ নির্দেশনা ০১ মার্চ ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বাক্ষরিত)


(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২


CamScanner

**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪

তারিখ: ২৭ নভেম্বর ২০২৩
১২ অগ্রহায়ণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৪ তারিখ: ০৫ অক্টোবর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. বাংলাদেশের অর্থনীতিতে মূল্যস্ফীতির ঊর্ধ্বমুখী ধারা অব্যাহত থাকার প্রেক্ষিতে তা হ্রাস করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:

ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৭৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং

খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৭৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।

৩. এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে ২(ক) ও ২(খ) অনুচ্ছেদে বর্ণিত সুদহার প্রযোজ্য হবে।

৪. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

CamScanner

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭

তারিখ: ২৭ জুলাই ২০২৩
১২ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯ তারিখ ১৯ জুন ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নীতিমালা প্রণয়নকরত প্রদত্ত নীতিমালা অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।

৩. এক্ষণে, বৈশ্বিক বিরূপ অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে অধিকতর অভিঘাত সহনশীল করার পাশাপাশি দেশের রপ্তানিমুখী শিল্পের বিকাশ ও প্রসারে চলমান ধারা অব্যাহত রাখার নিমিত্ত এবং অধিকতর দক্ষ ঋণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;

(খ) কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণস্থিতির উপর এবং মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর সর্বোচ্চ ১.৫ শতাংশ হারে দন্ড সুদ আরোপ করা যাবে।

৪. এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৬. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)

CamScanner

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার নং-০৯

তারিখ: ১৯ জুন ২০২৩ / ০৫ আষাঢ় ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে।**

শিল্প ও ব্যবসা-বাণিজ্যসহ সার্বিক অর্থনীতির গতিধারা অব্যাহত রাখা ও দক্ষ ঋণ ব্যবস্থাপনা নিশ্চিতকরণের নিমিত্ত ব্যাংক কর্তৃক বিতরণকৃত ঋণের বাজার ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

(ক) বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৮২ দিন মেয়াদি ট্রেজারি বিলের বাজার সুদকে ভিত্তি ধরে একটি রেফারেন্স রেট নির্ণয় করা হবে যা **SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill)** নামে অভিহিত হবে। ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক নির্ণীত এ SMART index প্রতিমাসের প্রথম কর্মদিবসে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশ করা হবে;

(খ) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;

(গ) কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ ২% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে;

(ঘ) সিএমএসএমই ঋণ এবং ভোক্তা ঋণের (Consumer financing) আওতাধীন পারসোনাল ঋণ (Personal loan) ও গাড়ি ক্রয় ঋণ (Auto Loan) এর ক্ষেত্রে উল্লিখিত সুদহারের অতিরিক্ত সর্বোচ্চ ১% সুপারভিশন চার্জ আদায় করা যাবে। উক্ত সুপারভিশন চার্জ বছরে একবার আদায়/আরোপ করা যাবে। বার্ষিক (Yearly) ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের উপর চক্রবৃদ্ধি হারে কোন চার্জ বা সুদ আরোপ করা যাবে না। তবে কোন ঋণ হিসাব বছরের মধ্যবর্তী সময়ে সমন্বিত করার ক্ষেত্রে ১% হারে আনুপাতিক সময়ের জন্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে;

(ঙ) যে মাসের সুদহার নির্ধারণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসের SMART কে ভিত্তি ধরে সুদহার নির্ধারণ করতে হবে। উদাহরণস্বরূপ, মার্চ মাসের সুদহার নির্ধারণে ফেব্রুয়ারি মাসের জন্য নির্ধারিত SMART কে বিবেচনায় নিতে হবে;

(চ) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রণোদনা প্যাকেজ/বিশেষ তহবিলের আওতায় প্রদত্ত ঋণের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে। এতদ্ব্যতীত ক্রেডিট কার্ডের সুদহার নির্ধারণের ক্ষেত্রে ক্রেডিট কার্ড সংক্রান্ত বিদ্যমান সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।

২. উল্লিখিত পদ্ধতিতে সুদহার পরিবর্তনের ফলে গ্রাহকের ঋণের প্রদেয় কিস্তির পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে কিস্তি পুনঃনির্ধারণের পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।

চলমান পাতা/২

CamScanner

(পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে)

৩. ইসলামী শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকসমূহ ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ঘোষিত SMART কে ভিত্তি ধরে তার সাথে অনুচ্ছেদ ১(খ) ও ১(গ) এ বর্ণিত মার্জিন যোগ করে বিনিয়োগের বিপরীতে মুনাফার হার নির্ধারণ করবে। এতদ্ব্যতীত, অনুচ্ছেদ ১(ঘ) এ বর্ণিত সুপারভিশন চার্জ আদায় করতে পারবে;

৪. বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ ২৫ জানুয়ারি ২০১২ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Web Portal এর মাধ্যমে Enterprise Data Warehouse (EDW) -এ আপলোড চলমান থাকবে।

৫. কোন নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাসের জন্য নির্ধারিত সুদহার কার্যকর হবে। সুদহার স্থির (Fixed) অথবা পরিবর্তনশীল (Variable) যে প্রকৃতিরই হোক না কেন তা ঋণ প্রদানের পূর্বে ঋণগ্রহীতার সম্মতিক্রমে নির্ধারিত হতে হবে। তবে পরিবর্তনশীল প্রকৃতির সুদহার প্রয়োগের ক্ষেত্রে প্রতি ০৬ মাস পর পর পরিবর্তন কার্যকর হবে।

উদাহরণস্বরূপ ০১ জানুয়ারি ২০২৪ তারিখে নতুন ঋণ প্রদান করা হলে পরিবর্তনশীল সুদহার ০১ জুলাই ২০২৪ তারিখে পরিবর্তনযোগ্য হবে।

৬. এ নির্দেশনা জারির প্রেক্ষিতে বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ ২৪ ফেব্রুয়ারি ২০২০ ও কৃষি/পল্লী ঋণের সুদহার সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ ২২ এপ্রিল ২০২১ এর সকল নির্দেশনা রহিত করা হলো।

৭. এ নির্দেশনা ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

৮. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২

CamScanner